**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বন্দুক সহিংসতা ব্যাপকভাবে কমে যাওয়ার ঘোষণা দিয়েছেন এবং নিউ ইয়র্কের জাতীয়-শীর্ষস্থানীয় বন্দুক আইনকে শক্তিশালী করার জন্য আইনে স্বাক্ষর করেছেন

***গভর্নর হোকল দায়িত্ব নেওয়ার পর থেকে নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতা 47 শতাংশ কমেছে***

***নতুন আইনে বন্দুক বিক্রেতাদের স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি সম্পর্কিত টোবাকো-স্টাইল সতর্কবার্তা পোস্ট করতে হবে***

***নতুন আইন হাতবন্দুকগুলোকে স্বয়ংক্রিয় অস্ত্রে রূপান্তর করতে পারে এমন বিপজ্জনক "পিস্তল কনভার্টার" এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে***

***নিউ ইয়র্ক স্টেট এ বছর 7,700টিরও বেশি অবৈধ বন্দুক জব্দ করেছে***

সাবেক মার্কিন প্রতিনিধি গ্যাবি গিফোর্ডস, নিউ ইয়র্কের সরকারি কর্মকর্তা এবং বন্দুক সুরক্ষা বিষয়ক অন্যান্য আইনজীবীদের পাশাপাশি, গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে তিনি 2021 সালে দায়িত্ব নেওয়ার পর থেকে নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতা 47 পর্যন্ত শতাংশ হ্রাস পেয়েছে। এছাড়াও গভর্নর হোকল আরো ছয়টি বিলের একটি প্যাকেজে স্বাক্ষর করেছেন যা নিউ ইয়র্কের জাতীয়-শীর্ষস্থানীয় বন্দুক আইনকে শক্তিশালী করবে, বন্দুক বিক্রেতাদের টোবাকো-স্টাইল বিষয়ক সতর্কবার্তা পোস্ট করার প্রয়োজনীয়তা, বিপজ্জনক "পিস্তল কনভার্টার" এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া এবং বন্দুক সহিংসতা থেকে আরো বেশি নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে সহায়তা করার জন্য অন্যান্য নতুন সরঞ্জাম এবং রিসোর্স সরবরাহ করবে।

"বন্দুক সহিংসতা একটি মহামারী যা আমাদের দেশকে বিচ্ছিন্ন করে দিচ্ছে। শুধুমাত্র আলাপ-আলোচনা এবং প্রার্থনা করে এটিকে নিয়ন্ত্রণে আনা যাবে না, শক্তিশালী পদক্ষেপ গ্রহণ করে এর থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব," **গভর্নর হোকল বলেন।** "এই কারণেই নিউ ইয়র্কে, আমরা আমাদের স্টেটের জনগণকে সুরক্ষিত রাখার জন্য দৃঢ় পদক্ষেপ নিচ্ছি। নিউ ইয়র্ক জুড়ে নিরাপত্তা বাড়াতে সাহায্য করা এই বিলের প্যাকেজে স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত। যখন আমরা নিউ ইয়র্ক স্টেটের দেশের শীর্ষস্থানীয় বন্দুক আইন উন্নত করতে ত্বরান্বিত পদক্ষেপ

নিচ্ছি, আমরা জানি যে বন্দুক সহিংসতা একটি দেশব্যাপী সমস্যা। আমি আরেকবার কংগ্রেসকে তাগিদ দিচ্ছি আমাদের নেতৃত্ব অনুসরণ করে অর্থপূর্ণ বন্দুক সহিংসতা প্রতিরোধক ব্যবস্থা পাশ করতে অবিলম্বে পদক্ষেপ নেওয়ার জন্য। বেঁচে থাকাটা এটির উপর নির্ভর করে।"

**সাবেক প্রতিনিধি গ্যাবি গিফোর্ডস বলেন,** "নিউ ইয়র্কবাসীগণ বন্দুক সহিংসতার ভয় থেকে মুক্ত থাকার অধিকার রাখেন। গভর্নর হোকল কর্তৃক আজ আইনে স্বাক্ষরিত বিলগুলো নিউ ইয়র্ককে নিরাপদ করে তুলবে এবং নিঃসন্দেহে অনেক জীবন রক্ষা করবে। নিউ ইয়র্ক দেশের সবচেয়ে শক্তিশালী বন্দুক আইনের মাধ্যমে জাতিকে নেতৃত্ব দিয়ে আসছে। বন্দুক সহিংসতা প্রতিরোধের সংগ্রামে গভর্নর হোকল এবং নিউ ইয়র্কের আইনপ্রণেতাদের অব্যাহত নেতৃত্বের জন্য GIFFORDS কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক সিটি এবং গভর্নর হোকলের প্রশাসন দায়িত্বপালনকালে স্টেটের গান ইনভলভড ভায়োলেন্স এলিমিনেশন (GIVE) উদ্যোগে অংশগ্রহণকারী 28টি পুলিশ বিভাগের সেবা প্রদানকারী কমিউনিটিগুলোতে আহতের সাথে জড়িত বন্দুকের ঘটনা 47 শতাংশ হ্রাস পেয়েছে এবং GIVE সংস্থা কর্তৃক প্রকাশিত সর্বশেষ তথ্য দেখায় যে বন্দুক সহিংসতা পূর্ব-মহামারী পর্যায়ে হ্রাস পেয়েছে।

এছাড়াও গভর্নর হোকল রাস্তা থেকে অবৈধ বন্দুক পাওয়া এবং যারা নিজের ও অন্যদের জন্য বিপদ ডেকে আনে তাদের থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখার বিষয়ে নিউ ইয়র্কের অগ্রগতি সম্পর্কে একটি আপডেট দিয়েছেন। আইন প্রয়োগকারী সংস্থাগুলো স্টেট ব্যাপী এই বছর এ পর্যন্ত 7,700টিরও বেশি অবৈধ বন্দুক বাজেয়াপ্ত করেছে, যার মধ্যে 569টি সনাক্তহীন বন্দুক রয়েছে বলে গভর্নর হাইলাইট করেছেন। উপরন্তু, নিউ ইয়র্ক জুড়ে আদালত আজ পর্যন্ত 22,000টিরও বেশি এক্সট্রিম রিস্ক প্রোটেকশন অর্ডার (ERPOs) জারি করতে স্টেটের রেড ফ্ল্যাগ আইন ব্যবহার করেছে: 14 মে, 2022 তারিখে বাফেলোতে টপস সুপারমার্কেটে বর্ণ-বৈষম্য আত্মঘাতী হত্যাকাণ্ডের পরে স্টেটের রেড ফ্ল্যাগ আইনকে শক্তিশালী করার জন্য গভর্নর হোকল আইনসভার সাথে অংশীদার হওয়ার পরে তাদের মধ্যে 92 শতাংশ।

**গভর্নর হোকলের আজকে স্বাক্ষরিত আইনে রয়েছে:**

**আইন S6649/A2882** অনুসারে, অস্ত্র বিক্রেতা এবং বন্দুকধারীদের অস্ত্র বিক্রির সাইটগুলোতে সতর্কবার্তা পোস্ট করার পাশাপাশি বিক্রয়ের সময় সতর্কবার্তা বিতরণ করতে হবে। আগ্নেয়াস্ত্র আত্মহত্যার ঝুঁকি বাড়ায়, পারিবারিক সহিংসতার সময় মৃত্যু এবং/অথবা শিশুদের অনিচ্ছাকৃত মৃত্যুর ঝুঁকি বাড়ায় এমন সতর্কতাগুলো অবশ্যই উল্লেখ থাকবে।

**স্টেট সিনেটর মাইকেল জিয়ানারিস বলেন,** "জ্ঞান এবং তথ্য দায়িত্বশীল বন্দুকের মালিকানার চাবিকাঠি যা আঘাত প্রতিরোধ করে জননিরাপত্তা উন্নত করবে। আমি গর্বিত যে সিনেটের মাধ্যমে এই প্রস্তাবটি পরিচালিত হয়েছে এবং এখন এটি আইনে প্রণীত হয়েছে।"

**অ্যাসেম্বলিমেম্বার জেফরি ডিনোউইইটজ বলেন,** "গভর্নর হোকল আমার, A.2882 বিলে স্বাক্ষর করতে দেখে আমি উচ্ছ্বসিত। নিউ ইয়র্ক জুড়ে বসবাসরত পরিবার এবং কমিউনিটিগুলোকে রক্ষা করার জন্য আমাদের প্রচেষ্টায় এটি একটি উল্লেখযোগ্য পদক্ষেপ।

আগ্নেয়াস্ত্র বিক্রেতাদের অবশ্যই ক্রেতাদেরকে সুস্পষ্টভাবে সতর্ক করতে হবে যে অস্ত্রগুলো বাড়িতে বিপদ সৃষ্টি করে, বিশেষ করে আত্মহত্যা, পারিবারিক সহিংসতা এবং দুর্ঘটনাজনিত মৃত্যুর ঝুঁকি বাড়ায়, এমনকি শিশুদের মধ্যেও তা এই আইনটি নিশ্চিত করে। এই তথ্য বিলি করে এবং জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইনে সংকটে থাকা ব্যক্তিদের নির্দেশ দেওয়ার মাধ্যমে, আমরা জনগণকে তাদের সচেতনতামূলক সিদ্ধান্ত নিতে এবং তাদের প্রিয়জনকে নিরাপদ রাখতে প্রয়োজনীয় রিসোর্সের মাধ্যমে দিয়ে সজ্জিত করছি।"

**আইন S7365B/A10053A** দণ্ড আইনের ধারা 265.00-এ "পিস্তল কনভার্টার" এর সংজ্ঞা নিশ্চিত করে যা আগ্নেয়াস্ত্র সম্পর্কিত সংজ্ঞার বিবরণ দেয়। পিস্তল কনভার্টারকে এমন একটি ডিভাইস হিসেবে সংজ্ঞায়িত করা হয় যা একটি আধা-স্বয়ংক্রিয় পিস্তলের স্লাইডের সাথে সংযুক্ত হতে পারে এবং ট্রিগার প্রক্রিয়ায় চলতে পারে, যার ফলে ব্যবহারকারী ট্রিগারের একটি অবিচ্ছিন্ন টান দিয়ে দ্রুত বা স্বয়ংক্রিয়ভাবে বেশ কয়েকটি শট ছুড়তে পারে। আইনটি সাধারণ ব্যবসায়িক আইনকেও সংশোধন করে যাতে বন্দুক শিল্পকে তাদের পণ্যগুলোতে পিস্তল কনভার্টার স্থাপন এবং ব্যবহার রোধ করতে "যুক্তিসঙ্গত পদক্ষেপ" নিতে হয়।

**স্টেট সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগ্যাল বলেন,** "মাত্র পঞ্চাশ ডলার দিলেই আপনি এমন একটি ডিভাইস কিনতে পারবেন যা একটি সাধারণ পিস্তলকে মেশিনগানে পরিণত করতে পারে এবং দুই সেকেন্ডেরও কম সময়ে 15 রাউন্ড ফায়ার করতে পারে যা খুবই আপত্তিজনক। Glock-এর মতো বন্দুক নির্মাতাগণ জানেন যে এই ডিভাইসগুলোকে অটো-সিয়ার্স বা "Glock সুইচ" বলা হয় যা ব্যাপকভাবে পাওয়া যায় তবুও তারা এ ব্যাপারে কোনো পদক্ষেপ না নিয়ে জনসাধারণের নিরাপত্তার চেয়ে মুনাফাকেই প্রাধান্য দিয়েছে। অ্যাসেম্বলিমেম্বার সাইমনের সাথে আমার আইন (S.7365B) গ্লক এবং সকল বন্দুক নির্মাতাদের যুক্তিযুক্ত পদক্ষেপ নেওয়ার শর্তাবলি আরোপ করবে যাতে তাদের পণ্যগুলো মেশিন গানে রূপান্তর ডিভাইসের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয়, অন্যথায় তাদের আইনগত শাস্তির মুখোমুখি হতে হবে। গভর্নর হোকল আজ আমাদের বিলে স্বাক্ষর করছেন এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন ও আইনসভায় আমার সহকর্মীবৃন্দ যারা আবারও নিউ ইয়র্ককে একটি নিরাপদ স্থান করার জন্য বন্দুকের বিরুদ্ধে দাঁড়িয়েছেন তাদের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলিমেম্বার জো অ্যান সাইমন বলেন,** "অস্ত্র নির্মাতাগণ এই দেশের বন্দুক সহিংসতার মহামারীতে নিজেদের ভূমিকা উপেক্ষা করছে বলে নিউ ইয়র্কবাসীগণ বিরক্ত - তাই যেখানে তারা সমাধান করবে না সেখানে আমরা ব্যবস্থা নিচ্ছি। আমি গর্বিত যে আমার দেশের প্রথম বিলটি আইনে স্বাক্ষরিত হয়েছে যা Glock এবং অন্যান্য Glock-এর মতো আগ্নেয়াস্ত্র প্রস্তুতকারকদের তাদের হ্যান্ডগানগুলোকে সহজেই অবৈধ সম্পূর্ণ-স্বয়ংক্রিয় রূপান্তরিত করা যায় না তা নিশ্চিত করার জন্য ব্যবস্থা নিতে ব্যর্থ হওয়ার জন্য দায়ী করে। চার দশক ধরে Glock জানে যে তাদের পিস্তল সহজে এবং সস্তায় কনভার্ট করা যায়। অন্য কোনো বড় আগ্নেয়াস্ত্র প্রস্তুতকারী এই রকমের খুব সহজে রূপান্তরযোগ্য নকশা ব্যবহার করে না। জনগণের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার এবং Glock ও Glock wannabes জবাবদিহিতে রাখার এখনই সময়। আমার বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে, আমার সিনেটের পৃষ্ঠপোষক সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল এবং বন্দুক সহিংসতা প্রতিরোধে কাজ করার জন্য সমস্ত প্রতিনিধিকে ধন্যবাদ।"

**আইন S3340/A5873** যখন একটি অস্থায়ী এবং/অথবা চূড়ান্ত এক্সট্রিম রিস্ক প্রোটেকশন অর্ডার (ERPO) জারি করা হয় তখন আদালতকে সুরক্ষা এবং ওয়ারেন্টের আদেশের স্টেট ব্যাপী রেজিস্ট্রিকে অবহিত করার প্রয়োজন হয়, যা নিশ্চিত করে যে ERPO-গুলো সুরক্ষা এবং ওয়ারেন্টের আদেশগুলোর স্টেট ব্যাপী রেজিস্ট্রিতে ট্র্যাক করা হয়।

**স্টেট সিনেটর শেলী বি. মায়ার বলেন,** "আমি গর্বিত এবং কৃতজ্ঞ যে নিউ ইয়র্কবাসীদের বন্দুক সহিংসতা থেকে নিরাপদ রাখার জন্য এই গুরুত্বপূর্ণ প্যাকেজের অংশ হিসেবে, এক্সট্রিম রিস্ক প্রোটেকশন অর্ডার (ERPOs বা "রেড ফ্ল্যাগ ল") ফাইলিং করার জন্য স্টেটের প্রক্রিয়া আধুনিকায়ন করতে গভর্নর ক্যাথি হোকল কর্তৃক আমার বিল, S.3340 স্বাক্ষরিত হয়েছে। অর্ডার অব প্রোটেকশন এবং অ্যারেস্ট ওয়ারেন্টের জন্য স্টেট ব্যাপী কম্পিউটারাইজড রেজিস্ট্রিতে সবসময় অস্থায়ী এবং স্থায়ী ERPO রিপোর্ট করার শর্তাবলি জারি করে, আমরা নিশ্চিত করতে পারি যে পুলিশ জানবে কখন কারো বিরুদ্ধে কোনো আউটস্ট্যান্ডিং ERPO রয়েছে কি না এবং এটি সহিংসতার চলমান ঝুঁকির সম্মুখীন হওয়া ভুক্তভোগীদের আরো ভালোভাবে রক্ষা করতে পারবে। এই আইনে অংশীদারিত্বের জন্য অ্যাসেম্বলিমেম্বার চক ল্যাভিনকে, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিনকে তার নেতৃত্বের জন্য এবং গভর্নর হোকলকে আজ এটি আইনে পরিণত করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

**অ্যাসেম্বলিমেম্বার চার্লস ডি. ল্যাভিন,** "আমাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী কিন্তু বুদ্ধিমান বন্দুক আইনের মাধ্যমে রক্ষা করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। অন্যান্য লোককে বা নিজেদেরকে আঘাত করার জন্য বন্দুক ব্যবহারের উচ্চ ঝুঁকিতে থাকা বন্দুকগুলোকে দূরে রাখাটা স্টেটের তথাকথিত 'ERPO' (এক্সট্রিম রিস্ক প্রোটেকশন অর্ডার) বিচারকদের জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। এই নতুন আইন যেটি আমি উচ্ছ্বসিতভাবে অ্যাসেম্বলিতে প্রস্তাব করেছি, বর্তমান ERPO আইনটিকে আধুনিকায়নের জন্য প্রয়োজনীয় উন্নতি সাধন করবে এবং এটিকে প্রথম স্থানে তার উদ্দেশ্যটি পূরণ করতে সহায়তা করবে যা মানুষের জীবন বাঁচাবে।"

**আইন A7717B/S8589A** পুলিশ কর্মকর্তাদের পরিবর্তে পুলিশ সংস্থাকে ERPO পদানুক্রমে আবেদনকারী হিসেবে তালিকাভুক্ত করার অনুমতি দেয়।

**স্টেট সিনেটর জেসিকা স্কারসেলা-স্প্যান্টন বলেন,** "আমাদের অফিসারদের সুরক্ষা নিশ্চিত করতে আমার দ্বিদলীয় বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। আমাদের আইন প্রয়োগকারী কর্মকর্তাদের পরিচয় সুরক্ষিত রাখাটা অপরিহার্য কারণ তারা আমাদের কমিউনিটিকে রক্ষা করার জন্য এই গুরুত্বপূর্ণ আদেশগুলো পালন করে থাকে।"

**অ্যাসেম্বলিমেম্বার মনিকা পি ওয়ালেস বলেন,** "নিউ ইয়র্কের চরম ঝুঁকি সুরক্ষা আদেশ (Extreme Risk Protection Order) আইন বিপজ্জনক ব্যক্তিদের কাছ থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখার একটি গুরুত্বপূর্ণ উপায়। কর্মকর্তাগণ এই আদেশগুলো অনেক ঘরোয়া সহিংসতা থেকে বেঁচে যাওয়া সহ অসংখ্য জীবন বাঁচাতে ব্যবহার করেছেন। এই আইনটি আইন প্রয়োগকারী কর্মকর্তাদের তাদের ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা করার সময় এই আদেশগুলোর জন্য আবেদন করার অনুমতি প্রদান করে প্রক্রিয়াগুলোকে সহজতর করে। আমাদের রেড ফ্লাগ আইনকে

শক্তিশালী করতে এবং জনসাধারণকে বন্দুকের সহিংসতা থেকে রক্ষা করার জন্য এই আইনটিতে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।”

**আইন S8479A/A9862A** ক্রেডিট ও ডেবিট কার্ড ইস্যুকারীদের আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ খুচরা বিক্রেতাদের মার্চেন্ট ক্যাটাগরি কোড (MCC) ব্যবহার করতে হবে যা 2022 সালের আন্তর্জাতিক মান সংস্থা (International Organization for Standardization) কর্তৃক তৈরি করা হয়েছে এমন ব্যবসার জন্য যার সর্বোচ্চ বিক্রয় মূল্যে আগ্নেয়াস্ত্র অথবা আগ্নেয়াস্ত্রের আনুষাঙ্গিক বা গোলবারুদের সম্মিলিত বিক্রয় থেকে এবং এটি স্টেট অ্যাটর্নি জেনারেলকে 30 দিনের মধ্যে নিরাময় না হওয়া কোন লঙঘনের জন্য শাস্তিমূলক পদক্ষেপ নেওয়ার ক্ষমতা প্রদান করে, যার ফলে মেনে না চলার জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা হতে পারে। ক্যালিফোর্নিয়া ও কলোরাডোর সাথে যোগদান করে এই শর্ত কার্যকর করার জন্য নিউ ইয়র্ক তৃতীয় স্টেট হিসেবে পরিণত হয়েছে।

**স্টেট সিনেটর জেলনর মাইরি বলেন,** “ব্যাঙ্কগুলো নিয়মিতভাবে সকল ধরনের অবৈধ কার্যক্রম সনাক্ত ও প্রতিরোধ করতে ডেটা ব্যবহার করে, কিন্তু একটি শিল্প – বন্দুক শিল্প – এই ধরনের সুবিধা ও অসুবিধা বিবেচনা রোধ করতে প্রবলভাবে লড়াই করছে। এই বিলটিকে আইনে স্বাক্ষর করার মাধ্যমে, নিউ ইয়র্ক সকল শিল্পের জন্য একটি সাধারণ মান প্রতিষ্ঠা করছে এবং নিশ্চিত করছে যে আগ্নেয়াস্ত্র ক্রয়ের সুস্পষ্ট সতর্ক পরিকল্পনাগুলো শনাক্ত করা যেতে পারে। আমি আমার পার্টনার, অ্যাসেম্বলিমেম্বার মাইকেল সোলাজেস ও গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ যে তারা বন্দুক শিল্পের লাভের চেয়ে পরিবহন নিরাপত্তা এগিয়ে রাখতে আমাদের কাজ অব্যাহত রেখেছেন।”

**অ্যাসেম্বলিমেম্বার মাইকেল সি. বলেন,** “এই আইনটি নিউ ইয়র্কে বন্দুক সহিংসতার বিস্তার রোধ করতে সাহায্য করার জন্য একটি মূল্যবান নতুন উপায় তৈরি করে। আই প্রয়োগকারী ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে অবশ্যই সন্দেহজনক ক্রয় বিশেষ করে যখন এতে আগ্নেয়াস্ত্র অথবা গোলাবারুদ জড়িত থাকে এমন ধরনগুলো দ্রুত শনাক্ত করতে হবে। এই বিপজ্জনক প্রবণতাগুলোর স্বীকৃতি বৃদ্ধি করা আইন প্রয়োগকারী কর্মকর্তাদেরকে ভবিষ্যতের ট্র্যাজেডিসমূহ প্রতিরোধ করার জন্য সিদ্ধান্তমূলকভাবে কাজ করার ক্ষমতা প্রদান করে। আমি বন্দুক নিরাপত্তার বিষয়ে নেতৃত্বের জন্য গভর্নর হোকলের কাছে এবং এই গুরুত্বপূর্ণ আইনে তার সহযোগিতার জন্য সিনেটর মাইরির কাছে গভীরভাবে কৃতজ্ঞ। বন্দুক সহিংসতা প্রতিরোধ গোষ্ঠী, বেঁচে যাওয়া ও ক্ষতিগ্রস্তদের পরিবারগুলো যাদের সাহস আমাদের স্টেটকে নিরাপদ করার চালিকা শক্তি হিসেবে রেখেছে তাদের নিরলস প্রচেষ্টা ছাড়া এই জীবন রক্ষাকারী বিলটি আইনে পরিণত হত না।”

**আইন S9760/A10356A** লাইসেন্স প্রদানের পরে আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদানকারী কর্মকর্তাকে আগ্নেয়াস্ত্রের নিরাপদ রক্ষণাবেক্ষণ, শিশুর অ্যাক্সেস প্রতিরোধ ও আগ্নেয়াস্ত্রের সহিংসতা প্রতিরোধ সম্পর্কিত স্টেটব্যাপী সংস্থান সম্পর্কিত তথ্য সরবরাহ করার পাশাপাশি শিশু অ্যাক্সেস ও আগ্নেয়াস্ত্রের নিরাপদ রক্ষণাবেক্ষণ সম্পর্কিত নির্দিষ্ট কাউন্টি ও স্থানীয় আইন ও বিধিবিধান সম্পর্কিত তথ্য সরবরাহ করা প্রয়োজন। আইনটি নিরাপদ রক্ষণাবেক্ষণ ও শিশুর অ্যাক্সেস প্রতিরোধ সম্পর্কিত একটি জনসচেতনতামূলক প্রচারণা গড়ে তুলতে এবং বাস্তবায়ন

করতে চায়, সেই উপরকরণগুলো ডিজিটাল ফর্ম্যাটে সরবরাহ করা এবং অনলাইনে উপলভ্য করা প্রয়োজন এবং সেগুলিকে বাৎসরিক আপডেট করা বাধ্যতামূলক।

**স্টেট সিনেটর শেলি বি. মেয়ার বলেন ,** "আমি খুব খুশি যে আজ গভর্নর হোকল আমার বিল S. 9760 স্বাক্ষর করছেন, যেটি নির্দেশ প্রদান করে যে আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদানকারী কর্মকর্তাগণ লাইসেন্স ইস্যু করার সময় প্রত্যেক লাইসেন্সধারীকে আগ্নেয়াস্ত্র, রাইফেল ও শটগানগুলোতে শিশুদের অ্যাক্সেস রোধ করার জন্য নির্দিষ্ট পদ্ধতি সহ লাইসেন্স প্রদানের পরে স্টেট ও স্থানীয় নিরাপদ রক্ষণাবেক্ষণ আইন বিষয়ে তথ্য প্রদান করবে। এছাড়াও, বিলটি স্টেটকে নিউ ইয়র্ক স্টেটের শিশু অ্যাক্সেস প্রতিরোধ আইনসহ আগ্নেয়াস্ত্রের নিরাপদ সংরক্ষণ সম্পর্কে জনসচেতনতামূলক প্রচারাভিযান পরিচালনা করার নির্দেশ প্রদান করে, যা অ্যাক্সেস করা সহজ এবং জনসাধারণের কাছে সহজেই উপলভ্য হবে। বন্দুকের মালিক হিসেবে তাদের আগ্নেয়াস্ত্র নিরাপদে সংরক্ষণ করা এবং শিশুদের অ্যাক্সেস প্রতিরোধ করার জন্য সকল নিউ ইয়র্কবাসীগণকে তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন হওয়া গুরুত্বপূর্ণ। অ্যাসেম্বলিতে এই বিলটি স্পনসর করার জন্য অ্যাসেম্বলি মেম্বার মাইকেল বেনেডেটোকে এবং গভর্নর ক্যাথি হোকলকে এই প্রচেষ্টার জোরালো সহায়তার জন্য ধন্যবাদ।"

**অ্যাসেম্বলিমেম্বার মাইকেল বেনেডেটো বলেন,** "আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ইস্যু করার পরে নতুন বন্দুকের মালিককে আগ্নেয়াস্ত্রের যথাযথ সংরক্ষণের বিষয়ে অবহিত করা জরুরি। এছাড়াও, সেফ স্টোরেজ বিলটি এই বিষয়ে জনসচেতনতা প্রদানের প্রয়োজনীয়তার সমাধান করবে।"

**সিনেটর কার্স্টেন গিলিব্র্যান্ড বলেন,** "বন্দুক সহিংসতা বিশেষভাবে একটি আমেরিকান সমস্যা যা দেশজুড়ে পরিবার ও কমিউনিটিকে ধ্বংস করছে। এই আইনগুলোতে স্টেট আইনে স্বাক্ষর করার মাধ্যমে, নিউ ইয়র্ক জাতিকে বিচক্ষণতা এবং দায়িত্বশীল বন্দুকের মালিকানা এবং সুরক্ষায় নেতৃত্ব প্রদান করে চলেছে। ফেডারেল লেবেলে, আমি বিপার্টিসান সেফার কমিউনিটি আইনের অন্তর্ভুক্ত বন্দুক পাচার বিরোধী আইন লিখেছি *এবং আমি এটা দেখে গর্বিত যে এই আইনটি ইতোমধ্যেই*,নিউ ইয়র্কের সড়কগুলোকে নিরাপদ করে তুলেছে, সড়ক থেকে 3000টিরও বেশি অবৈধ বন্দুক সরিয়ে নিয়েছে এবং 400 জনেরও বেশি আসামীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে। বন্দুক সহিংসতা বন্ধ করার জন্য গুরুত্বপূর্ণ ফেডারেল আইন পাস করার ক্ষেত্রে আমি কংগ্রেসে আমার সহকর্মীদের সাথে কাজ চালিয়ে যাব।"

**সংখ্যাগরিষ্ঠ দলের নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন বলেন,** "এই গুরুত্বপূর্ণ বন্দুক নিরাপত্তা বিলগুলোতে স্বাক্ষর নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় আমাদের সম্মিলিত প্রতিশ্রুতির শক্তির প্রমাণ। আমি সাবেক প্রতিনিধি গ্যাবি গিফোর্ডসকে তার অবিচল সহায়তার জন্য এবং এই লড়াইয়ে অবিরাম অনুপ্রেরণার উৎস হওয়ার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমাদের কমিউনিটির নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে আমি গভর্নর হোকলের প্রতি তার অবিচল সহযোগিতার জন্য গভীরভাবে কৃতজ্ঞ। আমি আমার নির্বাহী সিনেটর গিয়ানারিস ও সিনেটর মেয়ার, মাইরি, স্কারসেলা-স্প্যানটন এবং হয়লম্যান-সিগালের অক্লান্ত প্রচেষ্টাকেও স্বীকৃতি প্রদান করতে চাই, যাদের নেতৃত্ব এই বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টাকে এগিয়ে নিতে সহায়ক ভূমিকা পালন করেছে। আমরা সবাই মিলে আমাদের পরিবারগুলোকে সুরক্ষিত

রাখতে এবং সবার জন্য একটি নিরাপদ ভবিষ্যত নিশ্চিত করতে সিদ্ধান্তমূলক ও কার্যকর পদক্ষেপ গ্রহন করতে যাচ্ছি।"

**স্পিকার কার্ল হেস্টি বলেন,** "অ্যাসেম্বলি মেজরিটি বছরের পর বছর ধরে কার্যকরী সাধারণ-বুদ্ধির আইন প্রতিষ্ঠার জন্য কঠোর প্রচেষ্ঠা চালিয়ে যাচ্ছে যেটা আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ করে তোলার জন্য কাজ করে চলেছে। সাম্প্রতিক সময়ের তথ্যে এটা দেখা যায় যে বন্দুক সহিংসতা কমাতে আমাদের প্রচেষ্টা স্টেট ব্যাপী কার্যকরভাবে কাজ করছে এবং আমরা বিশ্বাস করি যে এই বিলগুলো আমাদের আশেপাশের এলাকাগুলোতে সহিংসতা নির্মূলের কাছাকাছির একটা পর্যায়ে নিয়ে যাবে। আমার সহকর্মীরা এবং আমি বিশ্বাস করি যে বন্দুক সহিংসতা একটা পরিবারের জন্য যে পরিমাণ ক্ষতির কারণ হয়ে উঠে তা আসলে কোনো পরিবারেই হওয়া উচিত নয় তাই আমরা আমাদের সকল সন্তানদের জন্য একটি নিরাপদ স্টেট তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

**রিচমন্ড কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মাইকেল ই ম্যাকমাহন বলেন,** "অন্যান্যদের মতো জননিরাপত্তার হুমকি, বন্দুক সহিংসতা আমাদের কমিউনিটির অনেককে জর্জরিত করে চলেছে, নিরীহ জীবন কেড়ে নিচ্ছে এবং অসংখ্য পরিবারকে চিরতরে ধ্বংস ও হৃদয়বিদারক করে তুলছে। স্ট্যাটেন আইল্যান্ডের প্রধান আইন প্রয়োগকারী কর্মকর্তা হিসাবে আমার অফিসের পুরুষ ও মহিলারা আমাদের রাস্তাগুলো থেকে অবৈধ আগ্নেয়াস্ত্র অপসারণ করতে এবং এ ধরনের অস্ত্র যারা ব্যবহার করে তাদের আদালতে জবাবদিহির আওতায় নিয়ে আসার জন্য অক্লান্ত পরিশ্রম করেন। যাইহোক, এই মারাত্মক মহামারী মোকাবেলায় আরোও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন এবং অর্ধ ডজন জননিরাপত্তার পক্ষে বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করি যে বিলগুলো যা প্রয়োজন ঠিক তাই করে দেখাবে। নিউ ইয়র্ক স্টেটের রেড-ফ্ল্যাগ আইনকে শক্তিশালী করা থেকে শুরু করে আগ্নেয়াস্ত্রের নিরাপদ স্টোরেজ এবং শিশুরা যাতে এগুলো হাতের নাগালে না পায় সে রিসোর্সগুলোকে ব্যাপকভাবে প্রচার করা এবং বন্দুক নির্মাতারা তাদের বিক্রি করা আগ্নেয়াস্ত্রগুলোতে বিপজ্জনক পরিবর্তনগুলোকে সীমিত করে তুলতে বেশ কিছু পদক্ষেপ তৈরি করার বিষয়গুলো নিশ্চিত করার ক্ষেত্রে এই পদক্ষেপগুলো স্ট্যাটেন আইল্যান্ড এবং নিউ ইয়র্ক স্টেটকে বসবাসের জন্য একটি নিরাপদ জায়গা তৈরি করতে সহায়তা করবে। বন্দুক সহিংসতা একদমই এবং সকলের জন্য নির্মূল করতে আমাদের এখনো অনেক কাজ বাকি থাকলেও আমি এটা দেখে খুশি যে আমাদের স্টেট সরকার আমাদের কমিউনিটিকে রক্ষা করার জন্য ইতিবাচক পদক্ষেপ নিচ্ছে।"

**এভরিটাউন ফর গান সেফটির প্রেসিডেন্ট জন ফেইনব্লাট বলেন,** "বন্দুক নিরাপত্তার ক্ষেত্রে নিউ ইয়র্ক দীর্ঘদিন ধরে একটি জাতীয় নেতা ছিল এবং গভর্নর হোকল এবং অ্যালবানির বন্দুকের স্পর্শকাতর বিষয়ে সংখ্যাগরিষ্ঠ বিলের এই জীবন রক্ষাকারী প্যাকেজের মাধ্যমে সেই বিষয়টিকেই শক্তিশালী করছেন। বন্দুক শিল্প দীর্ঘদিন ধরে খুনের মত বিষয়গুলো থেকে দূরে সরে যাচ্ছে - কিন্তু মেশিন গানের ছড়িয়ে পরার ক্ষেত্রে বন্দুক সহিংসতার টিকে থাকাদের কাছে গ্লককে জবাবদিহিতার আওতায় আনার জন্য নতুন ধরনের অস্ত্র থাকবে।"

**ব্র্যাডি সিনিয়র কাউন্সেল এবং স্টেট অ্যান্ড ফেডারেল পলিসির পরিচালক তানিয়া শার্ড বলেন,** "রেস্তোরাঁ, গ্যাস স্টেশন এবং মদের দোকান থেকে ব্যাবসায়ী বিভাগের কোডগুলো প্রায় প্রতিটি ধরণের ব্যবসায় প্রয়োগ করা হয় - তাই প্রশ্নটি রয়ে গেছে: কেন বন্দুক

এবং গোলাবারুদ বিক্রেতারা আলাদা? বন্দুক বিক্রেতাদের জন্য ব্যাবসায়ী বিভাগের কোডগুলোর ব্যবহার বিপজ্জনক ক্রয়ের নিদর্শনগুলো চিহ্নিত করার সুযোগ প্রদান করে, যখন কেউ আগ্নেয়াস্ত্র পাচার করতে পারে বা গণহত্যায় ব্যবহারের জন্য একটি অস্ত্রাগার সংগ্রহ করতে পারে, একইভাবে এই কোডগুলি মানব পাচার শনাক্ত করতে ব্যবহৃত হয়। ব্র্যাডি এই বিলটি পাস করার প্রচেষ্টার জন্য অ্যাসেম্বলিমেম্বার সোলাজেস, সিনেটর মাইরি এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভার কাজের প্রশংসা করেছেন এবং আমরা এটি আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।”

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন